গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং- ৫১.০১.৬১২৪.০০০.৪১.০০১.২৩-১২২ তারিখ: ০৮/০৫/২০২৫.খ্রি.

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৫ উপলক্ষ্যে অতি দরিদ্র, অসহায় ও দু:স্থ ব্যক্তি/পরিবারকে ভিজিএফ কর্মসূচির আওতায় কার্ড বরাদ্দের নামের তালিকা দাখিল প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর দুর্যোগ ব্যবস্থাপনা শাখার স্মারক নং- ৫১.০১.৬১০০.০০০.৪১.০১৯.২৪.২৫৪, তারিখ: ০৭.০৫.২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৫ উপলক্ষ্যে অতিদরিদ্র, অসহায় ও দুস্থ পরিবারের মধ্যে ১০ (দশ) কেজি হারে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে ২৬,৭৭৫টি ভিজিএফ কার্ডের অনুকূলে ২৬৭.৭৫০ মে:টন চালের বরাদ্দ পাওয়া গিয়াছে। নির্দেশনা মোতাবেক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ জনসংখ্যা ও আয়তনের তথ্য অনুযায়ী ইউনিয়নওয়ারী ভিজিএফ কার্ড বিভাজন করা হয়েছে। যাহা নিম্নরুপ:

| ক্র.নং | ইউনিয়ন পরিষদের নাম | বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা |
|---|---|---|
| ০১ | ভূবনকুড়া ইউপি, হালুয়াঘাট। | ২,২৪৪টি |
| ০২ | জুগলী ইউপি, হালুয়াঘাট। | ২,৩৩৩টি |
| ০৩ | কৈচাপুর ইউপি, হালুয়াঘাট | ১,৯২১টি |
| ০৪ | হালুয়াঘাট ইউপি, হালুয়াঘাট | ২,৬১৯টি |
| ০৫ | গাজিরভিটা ইউপি, হালুয়াঘাট | ২,২০৯টি |
| ০৬ | বিলডোরা ইউপি, হালুয়াঘাট। | ২,১১০টি |
| ০৭ | শাকুয়াই ইউপি, হালুয়াঘাট। | ১,৮৫১টি |
| ০৮ | নড়াইল ইউপি, হালুয়াঘাট। | ২,৪৫২টি |
| ০৯ | ধারা ইউপি, হালুয়াঘাট। | ২,৪৭৮টি |
| ১০ | ধুরাইল ইউপি, হালুয়াঘাট | ২,৩৫৯টি |
| ১১ | আমতৈল ইউপি, হালুয়াঘাট। | ২,১৩০টি |
| ১২ | স্বদেশী ইউপি, হালুয়াঘাট | ২,০৬৯টি |
| | সর্বমোট = | ২৬,৭৭৫টি |

ছক

ওয়ার্ড নং-............... ইউনিয়ন................................. উপজেলা: হালুয়াঘাট, জেলা: ময়মনসিংহ।

| ক্র: নং | উপকারভোগীর নাম | পিতা/স্বামীর নাম | গ্রাম | পেশা | এনআইডি নম্বর | মোবাইল নম্বর | বিতরণকৃত চালের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার স্বাক্ষর ইউপি চেয়ারম্যান/প্রশাসকের স্বাক্ষর ট্যাগ অফিসারের স্বাক্ষর

উক্ত বরাদ্দপ্রাপ্ত চাল হতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার অনুকূলে উপরোল্লিখিত হারে ভিজিএফ কার্ডের উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপকারভোগীর নামের তালিকা প্রণয়ণ করে ছক মোতাবেক জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

08/05/25

(আলীনূর খান)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ
টেলিফোন: ০৯০২৬-৫৬০০১
unohaluaghat@mopa.gov.bd

চেয়ারম্যান/প্রশাসক/ ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা
...........................................(সংশ্লিষ্ট) ইউপি
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং- ৫১.০১.৬১২৪.০০০.৪১.০০১.২৩-১২২ তারিখ: ০৮.০৫.২০২৫খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ
৫। জনাব.................................উপজেলা ................... কর্মকর্তা ও ট্যাগ অফিসার.................ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ।



CamScanner

৬। চেয়ারম্যান/প্রশাসক, ..........................(সংশ্লিষ্ট) ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ। (তাঁকে নিম্নোক্ত শর্তাবলীর আলোকে যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। শর্তাবলী অনুযায়ী উপ-বরাদ্দকৃত ভিজিএফ কার্ডের নামের তালিকা নির্বাচন/বাছাইক্রমে ০৩ (তিন) প্রস্থ অগ্রাধিকার তালিকা (সফট কপি সহ) দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।)

শর্তাবলী

১. আগামী ১৫/০৫/২০২৫খ্রি: তারিখের মধ্যে ইউনিয়ন ভিজিএফ কমিটির সভার কার্যবিবরণীসহ উপকারভোগীদের নামের তালিকা ছক মোতাবেক দাখিল করতে হবে। উপকারভোগীদের নামের তালিকা প্রাপ্তির পর উপজেলা কমিটির সভার অনুমোদন সাপেক্ষে বিতরণের তারিখ নির্ধারণ করে কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে চাল বিতরণ করতে হবে।
২. সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসার নিজে উপস্থিত থেকে খাদ্যশস্য (চাল) বিতরণ করবেন। কোন অবস্থাতেই প্রতিনিধি প্রেরণ করে তদারকী কাজ সম্পন্ন করা যাবে না।
৩. দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি পরিবারকে সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দুঃস্থ/অতি দরিদ্রদেরকে অগ্রাধিকার দিতে হবে।
৪. ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় তালিকা প্রণয়ন ও প্রত্যায়িত করতে হবে।
৫. মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ (সংশোধনী) অনুযায়ী মোট উপকারভোগীর মধ্যে ৭০% মহিলা নির্বাচন করতে হবে।
৬. ভিজিএফ কার্ডধারীদের তালিকা এমন ভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারে একাধিক ব্যক্তি ভিজিএফ কার্ড না পায়।
৭. বন্যাক্রান্ত, অন্যান্য দুর্যোগাক্রান্ত, দুঃস্থ ও অতি দরিদ্র পরিবারদের নামে তালিকা প্রণয়নে কোন রকম অনিয়ম পরিলক্ষিত হলে তার দায়-দায়িত্ব ইউনিয়ন ভিজিএফ কমিটিকেই বহন করতে হবে।
৮. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষ হতে ভিজিএফ কর্মসূচির চাল ডিজিটাল ব্যানার দৃশ্যমান করে এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করে বিতরণ করতে হবে।

"নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ০৪ (চার) টি শর্ত পুরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে"

(ক) যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই।
(খ) যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
(গ) যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
(ঘ) যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল।
(ঙ) যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
(চ) যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
(ছ) যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল।
(জ) যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা।
(ঝ) যে পরিবারের প্রধান অস্বচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
(ঞ) যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
(ট) যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
(ঠ) যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

08/05/25

উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ

CamScanner